



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

আলমপুর, সিলেট।

Web-www.sylhetboard.gov.bd

স্মারক নং : সিশিবো/কঃ শাঃ/২০১৬/২২৩

তারিখঃ ১৬/০৬/২০১৬ খ্রিঃ।

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি ও নিশ্চায়ন পদ্ধতি

১। শিক্ষার্থীদের করণীয় :

ধাপসমূহ	করণীয়
১.১ SMS-এর মাধ্যমে ভর্তির ফলাফল	<p>শিক্ষার্থী তার আবেদনের সময় প্রদত্ত মোবাইল নম্বরে ভর্তি ফলাফলের একটি SMS পাবে। SMS-এর ফরম্যাট হবে নিম্নরূপঃ</p> <p><Roll>, <Board>, <Year>, (PIN for Admission: <7 Digit PIN Code>)</p> <p>Selected for: <EIN of College 1>, <EIN of College 2>,</p> <p>Waiting in: <EIN of College 11>, <EIN of College 12>,</p> <p>-- Board Authority</p> <p>উদাহরণঃ</p> <p>100001, SYL, 2016, (PIN for Admission: 4345932)</p> <p>Selected for : 107974, 131904, 134219, 107855, 134209, 133714</p> <p>Waiting in: 107857, 108162, 107975, 107962, 134592, 133937</p> <p>-- Board Authority</p> <p>ব্যাখ্যাঃ</p> <p>(ক) এখানে (100001, SYL, 2016) একজন শিক্ষার্থী- যার রোল নম্বর 100001 এবং 2016 সালে সিলেট শিক্ষা বোর্ড থেকে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। সে মোট ১২ টি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য অনলাইন/SMS-এ আবেদন করেছিল। তার মধ্যে সে ৬টি প্রতিষ্ঠানে মেধায়/কোটায় নির্বাচিত হয়েছে এবং সেগুলোর EIN হচ্ছে 107974, 131904, 134219, 107855, 134209, 133714। অন্য ৬টি প্রতিষ্ঠানে সে অপেক্ষমান তালিকায় আছে এবং সেগুলোর EIN হচ্ছে 107857, 108162, 107975, 107962, 134592, 133937। SMS-এ নির্বাচিত বা অপেক্ষমান তালিকার মেধাক্রম দেয়া হবে না- তবে শিক্ষার্থীরা তাদের অপেক্ষমান মেধাক্রম ভর্তির ওয়েবসাইট থেকে জানতে পারবে।</p> <p>(খ) বিভিন্ন শিক্ষা বোর্ড/বিশ্ববিদ্যালয় এর সংক্ষিপ্ত নামঃ</p> <p>সিলেট বোর্ড - SYL, ঢাকা বোর্ড - DHA, কুমিল্লা বোর্ড - COM, রাজশাহী বোর্ড - RAJ, যশোহর বোর্ড - JES, চট্টগ্রাম বোর্ড - CTG, বরিশাল বোর্ড - BAR, মাদরাসা বোর্ড - MAD, দিনাজপুর বোর্ড - DIN, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড - TEC, উম্মুক্ত বিশ্ববিদ্যালয় - BOU।</p>
১.২ লগইন (Login) এবং ভর্তির ফলাফল প্রিন্টকরণ	শিক্ষার্থী তার রোল নম্বর, বোর্ডের নাম এবং পাসের সন এন্ট্রি দিয়ে ভর্তির ওয়েবসাইট www.xiclassadmission.gov.bd -এ Login করলে শিক্ষার্থীর নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, গ্রুপ/শিফট/ভার্সন ভিত্তিক নির্বাচিত/অপেক্ষমান মেধাক্রম ও অন্যান্য তথ্যসমূহ দেখতে পাবে এবং প্রয়োজনে উক্ত ফরমটি প্রিন্ট নিতে পারবে।
১.৩ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি	শিক্ষার্থী প্রিন্টকৃত ভর্তি ফরমটি অথবা SMS-এর মাধ্যমে প্রাপ্ত ফলাফল নিয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য যোগাযোগ করবে। এখানে উল্লেখ্য যে, শিক্ষার্থী যে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হবে, সেই প্রতিষ্ঠানের ভর্তি কমিটিতে ভর্তি নিশ্চায়নের জন্য SMS-এর মাধ্যমে প্রাপ্ত PIN কোড প্রদান করবে।
১.৪ প্রয়োজনীয় কাগজপত্র প্রতিষ্ঠানে জমাদান	এসএসসির প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও প্রশংসা পত্রের ফটোকপি এবং এসএসসি পরীক্ষার মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিতে হবে। কোন শিক্ষার্থী কোটায় নির্বাচিত হলে শিক্ষার্থীকে ঐ কোটা সম্পর্কিত প্রামাণ্য কাগজপত্র সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।
১.৫ ভর্তি বাতিল	কোন শিক্ষার্থী ভর্তি বাতিল করতে চাইলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে লিখিত ভাবে আবেদন করতে হবে। একবার ভর্তি বাতিল করলে- ঐ প্রতিষ্ঠানে আর ভর্তির সুযোগ থাকবে না। একটি প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চায়ন বাতিল না করে অন্য প্রতিষ্ঠানে ভর্তি হওয়া যাবে না।

